দৈনিক বাংলা

22 NOV 1995
তারিখ ...
পৃষ্ঠা ...২... কলাম ...৮...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ঢাকা ভার্সিটির অনার্স ও মাস্টার্স পরীক্ষায় আবার অনিশ্চয়তা

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স, মাস্টার্স ও বিএইচএমএস পরীক্ষা হরতালের কারণে আবার পেছানোর সম্ভাবনা রয়েছে। আগামী শনিবার জাতীয় পার্টি অর্ধদিবস হরতাল আহবান করায় এই আশঙ্কা দেখা দিয়েছে।

গত ২৩ অক্টোবর থেকে অনার্স, মাস্টার্স ও বিএইচএমএস পরীক্ষা শুরু হলেও বিরোধীদলের হরতালের কারণে ইতিমধ্যেই ৮ বার বিভিন্ন পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে। গত ৬ নবেম্বর অবরোধ, ১১ থেকে ১৬ নবেম্বর পর্যন্ত ৬ দিন হরতাল এবং গত ১৯ নবেম্বর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ আহূত হরতাল আহবানের ফলে পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছে। আগামী শনিবার পরিবর্তিত তারিখেও পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে সংশয় দেখা দিয়েছে বলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক সূত্রে জানা গেছে।

বিরোধী রাজনৈতিক দলের বার বার হরতাল ও অবরোধ কর্মসূচী আহবানের

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

উপস্থিত ছিলেন। ...

## অনার্স ও মাস্টার্স

(প্রথম পৃষ্ঠার পর)

ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে দেড় হাজারসহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় কলেজের প্রায় ৩০ হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যৎ নিয়ে সংশয় দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার শেষ পর্যায়ে এসে এসব ছাত্রছাত্রীরা নির্বিঘ্নে পরীক্ষাগুলো শেষ করতে পারবে কিনা সে নিশ্চয়তাও আজ নেই। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এখনও পর্যন্ত কোন সিদ্ধান্ত না দেয়ায় ছাত্রছাত্রী ও অভিভাবক মহলকে দারুণভাবে ভাবিয়ে তুলেছে।